দৈনিক জনকণ্ঠ

04

তারিখ: JAN 16 2000
পৃঃ 2 কঃ ৬

# চট্টগ্রামের নামীদামী স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ শুরু

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস** ॥ ভর্তি সঙ্কটকে সামনে রেখে শনিবার থেকে চট্টগ্রামের নামীদামী স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ শুরু হয়েছে। 'এ' ক্যাটাগরির সরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হবে আজ রবিবার থেকে। অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠার অন্ত নেই।

শনিবার নগরীর বেসরকারী শীর্ষস্থানীয় ইস্পাহানি পাবলিক স্কুলে ষষ্ঠ ও ৮ম শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ষষ্ঠ শ্রেণীতে প্রতিটি শূন্য আসনের জন্য গড়ে ২২ জন এবং ৮ম শ্রেণীতে ৩৫ জন করে ছাত্রছাত্রী তুমুল ভর্তিযুদ্ধে অবতীর্ণ হয়। সকাল থেকেই স্কুল প্রাঙ্গণে হাজার হাজার ছাত্রছাত্রীসহ অভিভাবকের উপচেপড়া ভিড় সৃষ্টি হয়। সকল অভিভাবকের চোখেমুখে ছিল উৎকণ্ঠা ও উদ্বেগের ছাপ। পরীক্ষা শেষে কোন কোন ছাত্রছাত্রীকে জড়িয়ে অভিভাবকদের কাঁদতেও দেখা গেছে। ভিড় সামলাতে কর্তৃপক্ষ রীতিমতো হিমশিমের শিকার হয়।

সরকারী স্কুলগুলোর মধ্যে ডাঃ খাস্তগির উচ্চ বালিকা বিদ্যালয়, চট্টগ্রাম সরকারী স্কুল, নাসিরাবাদ সরকারী বালক বিদ্যালয়ের ৫ম শ্রেণী এবং বাকলিয়া উচ্চ বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ভর্তি পরীক্ষা আজ রবিবার অনুষ্ঠিত হবে। তন্মধ্যে বাকলিয়া উচ্চ বিদ্যালয়ের ফল সন্ধ্যায় প্রকাশ করা হবে বলে স্কুল সূত্র জানায়। কলেজিয়েট হাই স্কুল, নাসিরাবাদ বালক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণী, নাসিরাবাদ বালিকা বিদ্যালয় এবং বাকলিয়া স্কুলের ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামীকাল সোমবার অনুষ্ঠিত হবে।